গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
লক্ষ্মীপুর সদর,লক্ষ্মীপুর।

**বিজ্ঞপ্তি**

স্মারক নং ৩৪.০১.৫১৪৩.০০০.০৬.০০৪.২৪. ৩৬৬ তারিখঃ ০১/০৮/২০২৪খ্রি.

এতদ্বারা সকল ছাত্র/ছাত্রী, শিক্ষক মন্ডলী এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর অভিভাবকবৃন্দ, প্রতিষ্ঠাতা সদস্য, দাতা সদস্য, ম্যানেজিং কমিটির সকল পদের প্রার্থী সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক স্মারক নং ৩২২, তারিখঃ ২৬/০৬/২০২৪ মূলে মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৪ এর তফসিল ঘোষনা করা হয়েছে। তফসিল অনুযায়ী নির্বাচন অনুষ্ঠানের তারিখ ছিলো ২০/০৭/২০২৪। জনাব আবু তালেব বাদী হয়ে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর, লক্ষ্মীপুর এ মোকাদ্দমা নং ৪৬২/২০২৪ দাখিল করেন। উক্ত মোকাদ্দমার আলোকে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর, লক্ষ্মীপুর ১৬/০৭/২০২৪ তারিখে বিগত ২০/০৭/২০২৪ তারিখের মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয়ে নির্বাচনটি স্থগিত করেন। বিজ্ঞ সিনিয়র দায়রা জজ, লক্ষ্মীপুর কর্তৃক ২৪/০৭/২০২৪ তারিখের আদেশ মূলে মোকাদ্দমা নং ৪৬১/২০২৪ ও ৪৬২/২০২৪ এর নির্বাচন স্থগিত আদেশ রদ করেন। বিজ্ঞ আদালত কর্তৃক স্থগিত আদেশ রদ করায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক স্মারক নং ৩৬১, তারিখঃ৩০/০৭/২০২৪ মূলে ০৪/০৮/২০২৪ তারিখে মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয় নির্বাচন অনুষ্ঠিত হবে মর্মে বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছিল। জনাব আবু তালেব কর্তৃক বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে সিভিল রিভিশন দায়ের করিলে মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ জাকির হোসাইন অদ্য ০১/০৮/২০২৪ তারিখে বিবিধ আপীল নং ২৪/২০২৪ এর বিগত ২৪/০৭/২০২৪ তারিখের আদেশের কার্যকারিতা স্থগিত করেন। এমতাবস্থায় নিম্নস্বাক্ষরকারী স্মারক নং ৩৬১, তারিখঃ ৩০/০৭/২০২৪ এর নির্বাচনী বিজ্ঞপ্তি স্থগিত করা হলো এবং বিজ্ঞ আদালত কর্তৃক পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয় এর নির্বাচনী সকল কার্যক্রম বন্ধ থাকবে।

(মোঃ সালেহ উদ্দিন)
প্রিজাইডিং অফিসার
**মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয়**
ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৪ইং
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
লক্ষ্মীপুর সদর,লক্ষ্মীপুর।

স্মারক নং ৩৪.০১.৫১৪৩.০০০.০৬.০০৪.২৪.৩৬৬/১(২) তারিখঃ ০১/০৮/২০২৪ খ্রি.

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। প্রধান শিক্ষক, **মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয়**,পোঃ মান্দারী বাজার,লক্ষ্মীপুর সদর,লক্ষ্মীপুর।
(বিজ্ঞপ্তটি সকল শিক্ষক, প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ড ঝুলানো মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০২। উপজেলা নির্বাহী অফিসার,লক্ষ্মীপুর সদর,লক্ষ্মীপুর।
০৩। অফিস নথি।

(মোঃ সালেহ উদ্দিন)
প্রিজাইডিং অফিসার
**মান্দারী বহুমূখী উচ্চ বিদ্যালয়**
ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২৪ইং
ও
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
লক্ষ্মীপুর সদর,লক্ষ্মীপুর।